বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
আইন শাখা (বোর্ড সচিবালয়)
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.৬৭৬.০৪.১১৮.২২.৩৬৩

তারিখ: ৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণ ব্যতীত অথবা সৃজিত এলএ কেস নিষ্পত্তি না-করে কোনরূপ প্রকল্প কাজ বাস্তবায়ন না করা প্রসঙ্গে**

সাম্প্রতিক কালে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণ ব্যতীত অথবা অধিগ্রহণের জন্য সৃজিত এলএ কেস নিষ্পত্তি না-করে মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক বিভিন্ন প্রকল্প কাজ বাস্তবায়নের কারণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিরুদ্ধে সংক্ষুব্ধগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দায়েরসহ জাতীয় মানবাধিকার কমিশনে অভিযোগ রুজু অব্যাহত রয়েছে। এ সব মোকদ্দমার সাথে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তথা সরকারের বিপুল আর্থিক সংশ্লেষ রয়েছে। উল্লেখ্য যে, মাদারীপুর পওর বিভাগের আওতায় ২০০৪-২০০৫ অর্থবছরে সাধারণ মানুষের জমি অধিগ্রহণের লক্ষ্যে সৃজিত এলএ কেসের ক্ষতিপূরণের টাকা পরিশোধ না করে প্রকল্প কাজ সম্পন্ন করার বিয়য়টি মানবাধিকার লঙ্ঘন মর্মে জাতীয় মানবাধিকার কমিশনের নিকট বিবেচিত হয়েছে। এতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

২। বর্ণিত অবস্থায়, অধিগ্রহণ ব্যতীত অথবা সৃজিত এলএ কেস নিষ্পত্তি না-করে ব্যক্তিমালিকানাধীন জমিতে কোন প্রকল্পের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ের দপ্তর প্রধানদের সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

২। এ বিজ্ঞপ্তি মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারী করা হলো।

২০-০৬-২০২৪
মোঃ ছাইফুল ইসলাম
উপপরিচালক (আইন বিষয়ক)

### বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। প্রধান প্রকৌশলী (সকল জোন), ........................................................................, বাপাউবো;
৪। পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ......................................;
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। বিজ্ঞপ্তিটি বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৮। নির্বাহী প্রকৌশলী (সকল).........................................;
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।